

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৪

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

### الفصل الثالث

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:  
إِذَا أَحْسَنَ أَحَدُكُمْ إِسْلَامَهُ فَكُلُّ حَسَنَةٍ يَعْمَلُهَا تُكْتَبُ لَهُ بِعْشَرِ أَمْثَالِهَا إِلَى سَبْعِ مَائَةٍ  
ضَعْفٌ وَكُلُّ سَيِّئَةٍ يَعْمَلُهَا تُكْتَبُ لَهُ بِمِثْلِهَا

বাংলা

88-[৪৩] আবু হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যখন তোমাদের কেউ উত্তমভাবে (সত্য ও খালিস মনে) মুসলিম হয়, তখন তার জন্য প্রত্যেক সৎ কাজের সাওয়াব দশ গুণ থেকে সাতশত গুণ পর্যন্ত লেখা হয়। আর তার অসৎ কাজ- যা সে করে থাকে, তার অনুরূপই (মাত্র এক গুণই গুনাহ) 'আমলনামায় লেখা হয়, যে পর্যন্ত না সে আল্লাহর দরবারে পৌঁছে। (বুখারী, মুসলিম)[১]

## English

Chapter - Section 3

Abu Huraira reported God's messenger as saying, "When one of you makes a good profession of Islam, every good deed he does will be recorded for him ten to seven hundredfold, and every evil deed he does will be recorded as it is till he meets God."

(Bukhari and Muslim.)

## ফুটনোট

[1] সহীহ: বুখারী ৪২, মুসলিম ১২৯, আহমাদ ৮২১৭, সহীহ ইবনু হি�বান ২২৮, শু'আবুল ঈমান ৭০৪৬, সহীভুল জামি' ২৮৭; হাদীসের শব্দ মুসলিমের।

## ব্যাখ্যা

**ব্যাখ্যা:** বিশ্বাস ও নিষ্ঠার মাধ্যমে যার ইসলাম সুন্দর হয়, প্রকাশ্য ও অপ্রকাশ্য সকল দিক থেকেই সে ইসলামের অনুসারী হয়। ‘আমলের সময় আল্লাহ তার নিকটেই আছে এরূপ মনে করে এবং তিনি তাকে দেখছেন এমনটি ভাবে তাহলে তার প্রতিটি ভালো ‘আমলের সাওয়াব দশ থেকে সাতশ’ গুণ লেখা হয়। যদিও বক্তব্যটি উপস্থিত লোকেদের উদ্দেশে দেয়া হয়েছে তথাপি এর হুকুম সর্বব্যাপী। কেননা একজনের প্রতি নারী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কোন হুকুম বা আদেশ সকলের জন্য প্রযোজ্য। আর এতে নারী পুরুষ, স্বাধীন ও দাস সবাই সমান।

ইমাম ত্বীবী (রহঃ) বলেনঃ হাদীসে **তুঁ** শব্দটি শেষ সীমা বুঝাবার জন্য ব্যবহার করা হয়েছে। অর্থাৎ- সৎ ‘আমলের প্রতিদান কর্মপক্ষে দশগুণ থেকে সর্বোচ্চ সাতশ’ গুণ পর্যন্ত বৃদ্ধি করা হবে। আর তা কাজ, ব্যক্তি ও অবস্থাভেদে কম-বেশী হবে। এ বৃদ্ধিকরণ সাতশত অতিক্রম করবে না। তবে এ অভিমত নিম্নবর্ণিত আল্লাহর বাণী দ্বারা প্রত্যাখ্যান করা হয়েছে। “আল্লাহ যাকে ইচ্ছা তাকে আরো বাড়িয়ে দিবেন”- (সূরাহ্ আল বাকারাহ্ ২০ঃ ২৬১)।

হাফিয বলেনঃ এ বর্ণনাটির দুটি অর্থ হতে পারে- (১) এ বৃদ্ধিকরণ সাতশ’ পর্যন্ত হতে পারে। ইমাম বায়য়াবী এমনটিই বলেছেন। (২) এ বৃদ্ধিকরণ সাতশ’ বা তারও বেশী হতে পারে। এর সমর্থনে সহীল বুখারীতে ‘কিতাবুর রিকাক’-এ (নাসীহাত পর্বে) ইবনু ‘আব্বাস (রাঃ) হতে বর্ণিত হাদীস রয়েছে। তাতে আছে “আল্লাহ তার জন্য দশটি নেকী থেকে সাতশত গুণ পর্যন্ত বা আরো অনেক বেশী লেখেন”। অতএব সাতশত গুণ থেকে উদ্দেশ্য আধিক্য। সংখ্যা উদ্দেশ্য নয়, যারা ঈমানের হ্রাস বা বৃদ্ধিকে অস্বীকার করে এ হাদীসটি তাদের অভিমত প্রত্যাখ্যান করে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54602>

**১** হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন